

THREAD AWARENESS POLICY

| | |
|-------------|------------|
| Issue Date | 01/01/2019 |
| Revision No | 01 |
| Total Pages | Three (03) |

| | | Signature |
|-----------------------|--------------------|------------------|
| Written by: | Manager Compliance | |
| Review & Approved By: | Sr. Manager Admin | |

Threat Awareness Policy

শ্যামলী গার্মেন্টস লিঃ গ্লোবাল সিকিউরিটি সম্পর্কে সম্পূর্ণ ভাবে সর্বদা সতর্কতা অবলম্বন করে থাকে, যার অংশ হিসাবে সকল শ্রমিক কর্মচারীদের Threat Awareness এর উপর প্রশিক্ষণ প্রদান করে থাকে। যার ফলে শ্রমিক কর্মচারীগণ কারখানার অভ্যন্তরে সংগঠিত বিরূপ সমস্যা, দুর্ঘটনা, বিশৃঙ্খলার পূর্বাভাস পেলে তৎক্ষণাত্ তা কতৃপক্ষের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা যেমন, কম্প্লায়েন্স অফিসার, এডমিন অফিসার, নিরাপত্তা কর্মকর্তা/ইনচার্জ এবং পরিচালক কিভাবে জানাবেন এবং নিজে সতর্কতা অবলম্বন করবেন সে ব্যাপারে প্রশিক্ষণ কর্মশালায় ব্যবস্থা গ্রহণ করা হয়।

এ ছাড়াও যদি কোন শ্রমিক কর্মচারী কারখানার বাহিরে অবস্থানকালীন কারখানা সম্পর্কে ষড়যন্ত্র মূলক কোন ঘটনার পূর্বাভাস পান তা কিভাবে জানাবেন এবং বহিরাগত কোনপ্রকার ষড়যন্ত্র কারখানার নিরাপত্তা ব্যবস্থাকে হুমকির সম্মুখীন করতে পারে তা প্রশিক্ষণ কর্মশালার মাধ্যমে শ্রমিক কর্মচারীকে অবহিত করা হয়। বিরূপ প্রতিকূলতা, ষড়যন্ত্রমূলক কার্যকলাপ এবং বিশৃঙ্খলাজনিত কার্যক্রমের সংবাদদাতার নাম সম্পূর্ণভাবে গোপন রাখা সহ তাহাকে পুরস্কৃত করা হয়।

সিনিয়ার ব্যবস্থাপক জনাব মোঃ শাখাওয়াত হোসেন মিন্টু বলেন, সামাজিক, অর্থনৈতিক, রাজনৈতিক উদ্দেশ্য সাধনের লক্ষ্যে কোন প্রতিষ্ঠানের শ্রমিক, কর্মকর্তা, কর্মচারী বা অন্য যে কোন অংশকে ভয়ভীতি প্রদর্শন বা সম্পদের উপর অবৈধ শক্তি প্রয়োগ বা সহিংসতা মূলক ব্যবহারকে সন্ত্রাসী কর্মকাণ্ড বলে। বক্তারা আরো বলেন ভয়ভীতি ও হুমকি প্রদর্শন হল সন্ত্রাসী কর্মকাণ্ড পরিচালিত হওয়ার প্রথম পর্যায়। উক্ত কারণে প্যানউইন ডিজাইনস্ লিঃ এর শ্রমিক, কর্মকর্তা, কর্মচারীগণ যাতে নিরাপদ থাকে সেই লক্ষ্যে অনুষ্ঠিত আজকের এই প্রশিক্ষণ কর্মশালা।

● টেলিফোনের মাধ্যমে ভয় ভীতি বা হুমকি কালীন সময়ে করণীয় : কোন শ্রমিক, কর্মকর্তা বা কর্মচারী বৃন্দকে ফোনের মাধ্যমে কোন অপরাধ মূলক কাজ সংগঠিত করার জন্য ভয় ভীতি বা হুমকি প্রদর্শন করা হইলে নিম্নোক্ত বিষয়গুলো পর্যবেক্ষণ ও প্রতিপালন করিতে হইবে।

- ✚ দৃঢ়তার সহিত বক্তব্য শ্রবণ করুন।
- ✚ ব্যক্তির কণ্ঠস্বর পর্যবেক্ষণ করুন নিম্নোক্ত পদ্ধতিতে :
 - ক) পুরুষ, নারীরকণ্ঠ, যুবকের কণ্ঠ, বৃদ্ধের কণ্ঠ, মধ্য বয়সীর কণ্ঠ।
 - খ) শান্ত আচরণ, রাগী কণ্ঠ, নার্ভাস আচরণ।
 - গ) কথা বলার ধরণ ভাগা ভাগা না স্পষ্ট।
 - ঘ) পরিচিত কণ্ঠস্বর /অপরিচিত কণ্ঠস্বর
- ✚ হুমকি প্রদানকারী ব্যক্তির ফোনের মাধ্যমে আগত শব্দ থেকে ব্যক্তির অবস্থান নির্ণয় করুন। শব্দ গুলোর ধরন পর্যবেক্ষণ করুন যেমন : ট্রাফিক শব্দ, হর্ন, সামুদ্রিক গর্জন, বিমানের শব্দ, বেল, মেশিনের শব্দ, মিউজিক, টেপেরকর্ডার, হুইসেল, রানিং মোটরের ধরন।
- ✚ যেখান থেকে ফোন এসেছে তা কি তালিকা ভুক্ত নম্বর না তালিকা বহিভূত অপরিচিত নম্বর। নম্বর স্মরণ রাখার চেষ্টা করুন ,যদি পরিচিত নম্বর হয় ব্যবহারকারীকে চিহ্নিত করুন।
- ✚ হুমকি প্রদানকারী প্রতিবার একই ফোন নম্বর ব্যবহার করছে কিনা তা লক্ষ্য করুন। সময় ও নম্বর স্মরণ রাখার চেষ্টা করুন।
- ✚ নির্দিষ্ট ব্যক্তি বা নিরাপত্তা বিভাগে অবগত করুন। সহকর্মীদের সহিত উক্ত বিষয় নিয়ে হইচই বা আলোচনা করবেন না।

● চিঠির মাধ্যমে ভয়ভীতি বা হুমকিপ্রদর্শন করা হইলে প্রতিপালনীয় :-

- ✚ ডাকযোগে প্রেরিত চিঠি হইলে খোলার পূর্বে লক্ষ্য করুন প্রেরকে ঠিকানা লেখা রয়েছে কিনা।
- ✚ হস্তাক্ষর ও বানান লক্ষ্য করুন স্পষ্ট এবং শুদ্ধ কিনা।
- ✚ সকল ধরন উড়ো চিঠি ও বার্তা গ্রহণ থেকে বিরত থাকুন।
- ✚ চিঠি খোলা পূর্বে এর ওজন সম্পর্কে অনুমান করুন প্রয়োজন বোধে স্কেনিং মেশিনের সাহায্যে নিন।
- ✚ কোন ধরনের অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে চিঠি বা পার্সেল ফ্যাঙ্টরীর বাইরে লোক শূন্য এলাকায় নিয়ে আসুন।

✚ নির্দিষ্ট ব্যক্তি বা নিরাপত্তা বিভাগকে অবহিত করুন। সহকর্মীদের সাথে উক্ত বিষয় নিয়ে আলোচনা বা হইচই করবেন না।

● অপরিচিত বা পরিচিত ব্যক্তি ভয়ভীতি বা হুমকি প্রদর্শন করে সেই সময় করণীয় কর্তব্য :-

✚ ব্যক্তিটি পরিচিত না অপরিচিত লক্ষ্য করুন।

✚ ব্যক্তিটি বহিরাগত হইলে নিরাপত্তা বিভাগকে অবহিত করুন

✚ ব্যক্তিটি প্রতিষ্ঠানের কর্মকর্তা, শ্রমিক, কর্মচারী হইলে তাহার বক্তব্য আচরণ গতিবিধি লক্ষ্য করুন ও নিরাপত্তা বিভাগকে অবগত করুন।

✚ ব্যক্তিটি কোন কোন শ্রমিক কর্মকর্তার সহিত মেলামেশা করে লক্ষ্য করুন।

✚ ব্যক্তিটি অপরিচিত হইলে তাকে চ্যালেঞ্জ করুন। আই.ডি পর্যবেক্ষণ করুন।

● বিভিন্ন উৎপাদন সামগ্রির মাধ্যমে :-

সকল প্রতিষ্ঠান উৎপাদন কার্য পরিচালনার জন্য বিভিন্ন সামগ্রী ইনভেনটরী করে থাকে। উক্ত সামগ্রীর সাথে কোন রূপ কাগজ লেবেল, ছবি, বিভিন্ন উপাদান ইত্যাদি মারফত কোন হুমকি প্রদর্শন করিলে করণীয়:-

✚ উৎপাদন সামগ্রির লেবেল পরীক্ষা করুন। প্রতিষ্ঠানের নাম পর্যবেক্ষণ করুন।

✚ নির্দিষ্ট চাহিদার অতিরিক্ত দ্রব্য সামগ্রির উপস্থিতি, পরিমাণ ও ওজন সম্পর্কে নিশ্চিত হোন।

✚ তালিকার সহিত ট্যালি করুন।

✚ সকল সামগ্রি পর্যবেক্ষণ করুন কোনরূপ হুমকি মূলক ছবি বা বার্তা রয়েছে কিনা।

✚ নিরাপত্তা বিভাগকে অবহিত করুন, কোন রূপ হেঁচৈ করবেন না

ভয়ভীতি বা হুমকির প্রকৃতি : ভয়ভীতি বা হুমকি বিভিন্ন প্রকৃতির হতে পারে।

✚ আভ্যন্তরীণ ষড়যন্ত্রে হুমকি

✚ বোমা হুমকি

✚ ধ্বংস জঙ্ক হুমকি

✚ মাদক দ্রব্য বা বিস্ফোরক পাচার জনিত হুমকি

✚ দ্রব্য রপ্তানী কাজে সহযোগীতার জন্য হুমকি

এই নীতিমালা কতৃপক্ষ যে কোন সময় পরিবর্তন, পরিমার্জন ও পরিবর্ধন করতে পারে।